অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 4 জুলাইয়ের ছুটি উপলক্ষ্যে যানচলাচল নির্বিঘ্ন করতে সড়ক ও সেতুর নির্মাণ কাজ বন্ধ রাখার ঘোষণা দিয়েছেন

চলাচলের সর্বোচ্চ ব্যস্ততম সময়ে যানচলাচলে বিঘ্নতা কমানোর জন্য নির্মাণ কাজ বন্ধ রাখা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের মহাসড়কগুলোতে সড়ক ও সেতু নির্মাণ প্রকল্পের জন্য বন্ধ করা লেন স্বাধীনতা দিবস (Independence Day)-এর ছুটি চলাকালীন ব্যস্ততম সময়ে ভ্রমণকারীদের চলাচলের সমন্বয় সাধনের জন্য 4 জুলাই বৃহস্পতিবার সকাল 6টা থেকে 8 জুলাই সোমবার সকাল 6টা পর্যন্ত স্থগিত রাখা হবে।

কংক্রিটের স্থায়ী বেরিয়ারের পেছনে অথবা জরুরি মেরামতের কারণে কিছু কাজ চলমান থাকতে পারে, সে ব্যাপারে মোটরযান চালকদের সতর্ক থাকতে হবে। কনস্ট্রাকশন কাজের উপরে নিষেধাজ্ঞা জারি গভর্নর কুওমোর ড্রাইভার্স ফার্স্ট (Drivers First) উদ্যোগের সাথে সংগতিপূর্ণ যা সড়ক ও সেতুর নির্মাণ কাজের কারণে সংঘটিত যানজট এবং চলাচলে বিলম্ব কমাতে মোটরযান চালকদের সুবিধাকে অগ্রাধিকার দেয়।

"এই স্বাধীনতা দিবসে যে রেকর্ড পরিমাণ ভ্রমণকারীরা সড়কে চলাচল করতে পারে বলে ধারণা করছি, তাদের জন্য যান চলাচল নির্বিঘ্ন করতে এবং নিউ ইয়র্কের বাসিন্দাদের নিরাপদে তাদের গন্তব্যে পৌঁছানো সহজ করতে আমরা আমাদের সাধ্যমতো কাজ করছি", **গভর্নর কুওমো বলেন।** "উদযাপনের সময়, এটি অত্যাবশ্যক যে মোটরযান চালকগণ সড়কে সতর্ক থাকবেন এবং দায়িত্ব-জ্ঞানহীনভাবে ড্রাইভ করবেন না। যেকোনো বিশ্রামাগারে বা পার্কিং এলাকায় বিরতি নিন বা টেক্সট স্টপ ব্যবহার করুন - আপনার জীবন এবং অন্যদের জীবনকে ঝুঁকির মধ্যে ফেলা অনৈতিক।"

গভর্নর কুওমো মোটরযান চালকদের আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের গাড়ি, আগুন নেভানোর ট্রাক, অ্যাম্বুলেন্স, গাড়ি উঠিয়ে নিয়ে যাওয়ার ট্রাক এবং সড়কের পাশে থাকা কনস্ট্রাকশন অথবা রক্ষণাবেক্ষণের গাড়ির নিকটে আসলে মুভ ওভার ল (Move Over Law) মেনে সযত্নে গাড়ি চালানোর, গাড়ির গতি কম করার এবং নিরাপদ দূরত্বে গাড়ি থামানোর মতো নিয়মগুলি মেনে চলতেও আবেদন জানাচ্ছেন।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)-এর সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "সেতু এবং সড়কের কাজ বন্ধ রাখার গভর্নর কুওমোর এই উদ্যোগের কারণে 4 জুলাই

উৎসবের দিন মোটরযান চালকদের গন্তব্য স্থলে পৌঁছানোর বিলম্ব অনেকখানি কমিয়ে তাদের নিরাপত্তাকে বাড়িয়ে দিবে। আমরাও মোটরযান চালকদের অনুরোধ করবো যে তারাও যেন তাদের দিক থেকে করণীয় কাজগুলো করেন যেমন- উল্লিখিত গতি সীমা মেনে চলা, গাড়ি চালানোর সময় ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার না করা, জরুরি গাড়ির জন্য স্থান ছেড়ে দেওয়া এবং কোনো উৎসবে অ্যালকোহল পানের ব্যবস্থা থাকলে আগে থেকে নিরাপদভাবে বাড়ি ফেরার পরিকল্পনা করে রাখা। এই ছুটির সময়টাতে ট্রোপার্সদের প্রচুর পরিমাণে দেখা যাবে এবং তাদের কাজ হবে দায়িত্ব-জ্ঞানহীন ও ঝুঁকিপূর্ণ চালকদের ধরা।"

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি (New York State Thruway Authority)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "এই ব্যস্ত ভ্রমণ সপ্তাহান্তে গভর্নর কুওমোর নির্মাণ কাজ বন্ধ রাখার উদ্যোগ হাজার হাজার মোটরযান চালককে স্বাধীনতা দিবসে তাদের গন্তব্যস্থলে দ্রুত পৌঁছাতে সাহায্য করবে। মনে রাখবেন যখন আপনি জরুরি গাড়ি বা সড়কের ধারে রক্ষণাবেক্ষণের ক্রুদেরকে দেখবেন তখন জায়গা ছেড়ে দিতে হবে। তারাও তাদের প্রিয়জনদের সাথে 4 জুলাই উদযাপন করবে এবং মোটরযান চালকদের কীভাবে মুভ ওভার ল এবং নিরাপদ ড্রাইভিং মেনে চলে সেই সতর্কতার উপর তাদের জীবন নির্ভর করে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation)-এর কমিশনার ম্যারি থেরেস ডোমিংয়েজ বলেন, "স্বাধীনতা দিবস মানে আমাদের জাতির জন্মদিন পালনের সবচেয়ে ভালো উপায় হচ্ছে ট্র্যাফিকে আটকে না থেকে বন্ধু ও পরিবার পরিজনের সাথে দিনটি উদযাপন করা। নির্মাণ কাজ বন্ধ রাখায় গভর্নর কুওমোর সিদ্ধান্তকে স্বাগত জানাই যা নিউ ইয়র্কবাসীদের যেখানে প্রয়োজন সেখানে নিরাপদভাবে যাতায়াত ও খুব কম বিলম্বে পৌঁছাতে সাহায্য করবে। ভ্রমণের পরিকল্পনা করার সময় আমি চালকদের 511NY ওয়েবসাইট ব্যবহার করার জন্য অনুরোধ করবো এবং সাবধানে ড্রাইভ করা, দায়িত্ব-জ্ঞানহীনভাবে ড্রাইভ করা থেকে বিরত থাকা এবং সড়কের ধারে জরুরি কাজ বা রক্ষণাবেক্ষণ চলাকালীন গাড়ির জন্য স্থান ছেড়ে দেওয়ার অনুরোধ থাকবে।"

গত সপ্তাহে গভর্নর, নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) ও স্থানীয় আইন প্রণয়নকারী এজেন্সিগুলো ঘোষণা দিয়েছিল যে 4 জুলাই ছুটির দিনে তারা মাতাল ও মাদকদ্রব্য সেবনকারী চালক ও অন্যান্য ট্রাফিক নিয়ম ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য পাহারার ব্যবস্থা করবেন।

এই বছর AAA অনুযায়ী, রেকর্ড ভেঙ্গে 48.9 মিলিয়ন আমেরিকাবাসী স্বাধীনতা দিবসের ছুটির দিনে তাদের বাড়ি থেকে 50 মাইল বা তার চেয়ে বেশি দূরত্বে ভ্রমণে যাবে, যা গত বছরের তুলনায় প্রায় 4.1 শতাংশ বেশি। AAA অনুমান করছে যে ছুটির সপ্তাহে 3 জুলাই, বুধবার সবচেয়ে ব্যস্ততম ভ্রমণের দিন হবে।

মোটরযান চালকদের টেক্সট, ফোন কল করতে এবং গাড়ি চালানোর সময় সম্ভব নয় এমন অন্যান্য সব কাজ করতে স্টেট জুড়ে থাকা 64টি টেক্সট স্টপের পাশাপাশি সার্ভিস এরিয়া (Service

Areas), বিশ্রামাগার (Rest Areas) এবং স্বাগতম কেন্দ্র (Welcome Centers) ব্যবহার করার জন্য বলা হচ্ছে।

পূর্বের ট্রাফিকের মাত্রা অনুসারে সুনির্দিষ্ট কিছু থ্রুওয়ে প্রজেক্টে সামান্য পার্থক্য থাকবে। ছুটির দিনের পুরো সপ্তাহান্ত জুড়ে থ্রুওয়ে লেন বন্ধ থাকার এক বিস্তারিত সূচি এখানে আছে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) মোটরযান চালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করার সুপারিশ করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে বিনামূল্যে ডাউনলোড করা যাবে। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরযান চালকগণ ট্রান্সএলার্ট (TRANSalert) ইমেইলের জন্য সাইন আপ করতে পারে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি সম্পর্কে অবগত করবে এখানে।

ভ্রমণের পূর্বে ভ্রমণকারীগণ 5-1-1 এ কল করে, 511 ওয়েবসাইট এখানে ভিজিট করে অথবা আইটিউন (iTunes) বা গুগল প্লে (Google Play) থেকে 511NY মোবাইল অ্যাপ বিনামূল্যে ডাউনলোড করার মাধ্যমে 511NY চেক করতে পারবেন। বিনামূল্যের পরিষেবার সাহায্যে ব্যবহারকারীরা সড়কের অবস্থা জেনে নিতে পারবেন, ট্রাফিক ক্যামেরাগুলো দেখতে পারবেন এবং এয়ার ও ট্রানজিটের তথ্যের লিঙ্ক পেয়ে যাবেন। অ্যাপটিতে এখন ড্রাইভ মোডের বৈশিষ্ট্য যোগ করা হয়েছে, এই মোডে ব্যবহারকারী তার বেছে নেওয়া সড়ক ধরে গাড়ি চালানোর সময়ে অ্যালার্ট শুনতে পাবেন, যেকোনো দুর্ঘটনা অথবা কনস্ট্রাকশনের কথা তাদের জানিয়ে দেওয়া হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন